# ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ

এখানে আগামী এখন

**EIIN- 133965**

শৃঙ্খলা, আনন্দ, মমতাভরা
জ্ঞান চর্চাতেও আমরা সেরা ...

☑ প্রভাতি শাখা-ছাত্রী

☑ দিবা শাখা-ছাত্র

শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

## বাংলা মাধ্যম ও ইংলিশ ভার্সন







DMRC
ESTD 2010

# ভর্তি আনন্দ ২০২৩

www.dmrc.edu.bd

মাতুয়াইল, ডেমরা রোড, যাত্রাবাড়ি, ঢাকা। প্রয়োজনে : ০১৯৪৩-৮৯৯৬৪৩, ০১৯৪৩-৮৯৯৬৪৪

# প্রতিষ্ঠান পরিচিতি

আলোকিত মানুষ সৃজন ও মানসম্মত শিক্ষা প্রদানে একটি যুগোপযোগী শিক্ষা প্রতিষ্ঠান বিনির্মাণের দৃঢ় প্রত্যয় নিয়ে দেশসেরা শিক্ষাপ্রতিষ্ঠান সামসুল হক খান স্কুল এন্ড কলেজের বরেণ্য প্রিন্সিপাল ড. মাহবুবুর রহমান মোল্লা তাঁর মেধা, প্রজ্ঞা ও অভিজ্ঞতার আলোকে এতদঞ্চলের অভিভাবক ও শিক্ষার্থীদের প্রত্যাশা পূরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় ২০১০ সালে প্রতিষ্ঠা করেন ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ। ধারাবাহিক সাফল্য, সুবিন্যস্ত শিক্ষাকার্যক্রম ও ঐতিহ্যের ধারক ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ, দেশের উচ্চ মাধ্যমিক পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম। প্রতিষ্ঠার যুগ পূর্তির শুভলগ্নে প্রতিষ্ঠান সৃজন করেছে অসংখ্য আদর্শ বিদ্যার্থী ও অর্জন করেছে একাডেমিক ফলাফলের গৌরবোজ্জ্বল ইতিহাস।

মাত্র ২৬১ জন শিক্ষার্থী নিয়ে পথচলা শুরু করে বর্তমানে প্রতিষ্ঠানটির শিক্ষার্থী সংখ্যা প্রায় ৬০০০। রাজধানী ঢাকার যাত্রাবাড়ির নিকটবর্তী মাতুয়াইল এলাকায়, ঢাকা-সিলেট এক্সপ্রেসওয়ে সংলগ্ন প্রায় দুই বিঘা জমির উপর নির্মিত হয়েছে প্রতি তলায় ১০,০০০ বর্গফুট আয়তনের ১২ তলা ভবনবিশিষ্ট দৃষ্টিনন্দন নিজস্ব ক্যাম্পাস। ২০১৫ সালের ৩ রা অক্টোবর এক সাড়ম্বর আয়োজনে এই ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন মাননীয় সাবেক শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি। পরবর্তীতে ০৭ এপ্রিল, ২০১৯ তারিখে দেশের বিভিন্ন স্বনামধন্য সরকারি ও স্বায়ত্তশাসিত উচ্চশিক্ষার প্রতিষ্ঠানে চান্সপ্রাপ্ত এই প্রতিষ্ঠানের কৃতী শিক্ষার্থীর জন্য 'প্রতিভার দেশে' শীর্ষক সংবর্ধনা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ করা হয়। আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত হয়ে এসে নির্মিত এই ভবনের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি। এসময় তিনি এই প্রতিষ্ঠানের নয়নাভিরাম সৌন্দর্য, শিক্ষাবান্ধব পরিবেশ, সার্বিক ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও শিক্ষার্থীদের সাফল্য সম্পর্কে অবগত হয়ে বিমুগ্ধ চিত্তে এই প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

সুবিশাল এই নিজস্ব ক্যাম্পাসে মনোমুগ্ধকর, পরিচ্ছন্ন পরিবেশে শিক্ষার্থীদের নিরাপত্তাসহ নিশ্চিত করা হয়েছে আধুনিক গুণগত শিক্ষার জন্য প্রয়োজনীয় যাবতীয় সুযোগ-সুবিধা। রয়েছে সুপরিকল্পিত ও সুসজ্জিত শ্রেণিকক্ষ, বিষয়ভিত্তিক পৃথক বিজ্ঞানাগার, ৭০ টি কম্পিউটারসহ সমৃদ্ধ ও অত্যাধুনিক সুবিশাল কম্পিউটার ল্যাব, সমৃদ্ধ লাইব্রেরি, মাল্টিমিডিয়া প্রজেক্টর, লিফট, সিসি ক্যামেরা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ও পরিবহন ব্যবস্থা। শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধির প্রেক্ষিতে বর্তমান ভবন সংলগ্ন আরেকটি নান্দনিক স্থাপত্যশৈলীর বহুতল ভবন নির্মাণ করা হয়েছে। সম্পূর্ণভাবে পৃথক ব্যবস্থাপনায় প্রভাতি ও দিবা শাখায় ছাত্র ও ছাত্রীদের ক্লাসের ব্যবস্থা রয়েছে। সর্বমোট ৩ টি বিভাগে ১৫টি বিষয়ের ১২০ জন সুদক্ষ ও অভিজ্ঞ শিক্ষক রয়েছেন যাঁদের আন্তরিকতা, একনিষ্ঠ পাঠদান ও নিরলস তত্ত্বাবধানে আপনার সন্তানের সুশিক্ষা সুনিশ্চিত করা হয়। বিগত ২০২১-২২ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে বিজ্ঞান বিভাগে ইংলিশ ভার্সন চালু করা হয়।



০৭ এপ্রিল, ২০১৯ তারিখে দৃষ্টিনন্দন নিজস্ব ভবনের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি।

## আমাদের বিশেষত্ব

- দৃষ্টিনন্দন ক্যাম্পাসে শিক্ষাবান্ধব পরিবেশ
- নিয়ম-শৃঙ্খলা ও সৃজনশীলতার বিকাশে অগ্রাধিকার
- নৈতিকতা ও সচ্চরিত্র গঠনে তৎপরতা
- সুপরিকল্পিত সেমিস্টারভিত্তিক শিক্ষা কার্যক্রম
- দক্ষ, যোগ্য ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী
- বিষয়ভিত্তিক বিশেষ ক্লাসের ব্যবস্থা
- নিয়মিত একাডেমিক কাউন্সেলিং
- আধুনিক ও উন্নত পাঠপ্রযুক্তি, আনন্দমুখর শিক্ষাসফর
- বিষয়ভিত্তিক বিজ্ঞানাগার এবং সমৃদ্ধ লাইব্রেরি
- উন্নত কম্পিউটার ল্যাব ও আধুনিক সফটওয়্যার
- গৌরবোজ্জ্বল ফলাফলের সমুজ্জ্বল ইতিহাস
- উচ্চশিক্ষায় চান্সপ্রাপ্তিতে শিক্ষার্থীদের সেরা সাফল্য
- সুকুমার বৃত্তির চর্চায় ক্লাব কার্যক্রম









## বাংলা মাধ্যমে ভর্তি আবেদনের ন্যূনতম যোগ্যতা

| বিভাগ | ন্যূনতম GPA | আসন সংখ্যা | | |
|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৪.৮৩ | ছাত্রী | ৯০০ | ২২৫০ |
| | | ছাত্র | ১৩৫০ | |
| ব্যবসায় শিক্ষা | ৩.৫০ | ছাত্রী | ৩৫০ | ৭৫০ |
| | | ছাত্র | ৪০০ | |
| মানবিক | ৩.৫০ | ছাত্রী | ১৫০ | ৩০০ |
| | | ছাত্র | ১৫০ | |

## ইংলিশ ভার্সনে ভর্তি আবেদনের ন্যূনতম যোগ্যতা

| | | | | |
|---|---|---|---|---|
| বিজ্ঞান | ৪.৮৩ | ছাত্রী | ৬০ | ১২০ |
| | | ছাত্র | ৬০ | |

## পাঠ্য বিষয়সমূহ

| বিভাগ | আবশ্যিক | ঐচ্ছিক |
|---|---|---|
| বিজ্ঞান | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত |
| ব্যবসায় শিক্ষা | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| মানবিক | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | অর্থনীতি, সমাজকর্ম, মনোবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |

## যাদের আবেদন করার প্রয়োজন নেই

১। নিয়মিত ক্লাস করতে অনিচ্ছুক
২। কলেজ ড্রেসকোড মানতে অনিচ্ছুক
৩। অমার্জিত আচরণ যাদের
৪। হেয়ারকাট দৃষ্টিকটু যাদের
৫। মোবাইল ব্যবহারে আসক্ত যারা
৬। ধূমপায়ী ও মাদকাসক্ত যারা
৭। প্রতিষ্ঠানের শৃঙ্খলা মেনে চলতে অনিচ্ছুক

## ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র

১। চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নলিখিত লিংক... www.admission.dmrc.edu.bd থেকে কলেজ ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড ও প্রিন্ট করে কলেজে জমা দিতে হবে।
২। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।
৩। **SSC** পরীক্ষার প্রবেশপত্র ১ কপি, রেজিস্ট্রেশন কার্ড ১ কপি, প্রশংসাপত্র ১ কপি এবং মূল ট্রান্সক্রিপ্টের ১ কপি সত্যায়িত ফটোকপি।

## আমাদের সেবাসমূহ

**তথ্য ও প্রযুক্তি:** অত্যাধুনিক সফটওয়্যারের মাধ্যমে সম্মানিত অভিভাবকদেরকে শিক্ষার্থীর অনুপস্থিতি, গুরুত্বপূর্ণ নোটিশ, বেতন ও অন্যান্য ফি পরিশোধের তথ্যাদি SMS এর মাধ্যমে দ্রুততম সময়ে অবহিত করা হয়। গুগল প্লে-স্টোরে **DMRC PORTAL** নামক অ্যান্ড্রয়েড অ্যাপের মাধ্যমে শিক্ষার্থীর একাডেমিক রেকর্ড ও পরীক্ষার ফল জানানো হয়। তাছাড়াও জটিল ও বিমূর্ত বিষয়গুলো সহজবোধ্য করতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণ মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালনা করেন। আইসিটি বিষয়ের ব্যবহারিক শিক্ষণের জন্য রয়েছে ৭০টি কম্পিউটারসহ সমৃদ্ধ ও উন্নত ল্যাব।



## পরিবহন সেবা
## ০১৭৯৫-৭৯৬৬৫৪, ০১৩০৪-০৩৪৫২৮



**পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি :** শিক্ষার্থীর পাঠ অগ্রগতি মূল্যায়নের জন্য শিক্ষাবর্ষকে তিনটি সেমিস্টারে বিভক্ত করে পাঠদান করা হয়। প্রতি সেমিস্টারের মধ্যবর্তী সময়ে ইনকোর্স পরীক্ষা নেওয়া হয়। প্রত্যেক শিক্ষার্থীর বিষয়ভিত্তিক ফল মনিটরিং, দুর্বল বিষয়গুলোতে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করে অগ্রগতি তত্ত্বাবধান করা হয়।

**গ্রিন কার্ড, গোল্ড কার্ড পদ্ধতি:** শিক্ষার্থীর একাডেমিক ও ক্লাস পারফরম্যান্স ধারাবাহিকভাবে মূল্যায়নের জন্য শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকগণ কর্তৃক প্রতি সপ্তাহে 'গ্রিন কার্ড' প্রদান করা হয়। প্রত্যেক সেমিস্টারে সর্বোচ্চ গ্রিন কার্ড প্রাপ্ত শিক্ষার্থীরা অধ্যক্ষ মহোদয়ের নিকট হতে 'গোল্ড কার্ড' পাবে। এভাবে পুরো শিক্ষাবর্ষে সর্বোচ্চ সংখ্যক গোল্ড কার্ড প্রাপ্ত শিক্ষার্থীরা **"DMRC All-Rounder"** পুরস্কারের জন্য মনোনীত হবে।



**শিক্ষার্থী প্রতিদিন ও ট্যালেন্ট পুরস্কার :** শ্রেণি-কার্যক্রমে নিয়মিত শতভাগ উপস্থিতির জন্য শিক্ষাবর্ষের সমাপ্তিতে 'শিক্ষার্থী প্রতিদিন' পুরস্কার প্রদান এবং মেধাবিকাশে প্রেরণা সৃষ্টির লক্ষ্যে কলেজের অভ্যন্তরীণ পরীক্ষাসমূহে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের সর্বোচ্চ কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য **'DMRC TALENT'** অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

**কলেজ ড্রেস :** কলেজ থেকেই ইউনিফর্ম ও কলেজ ব্যাগ দেওয়া হবে।

**পরিবহন সেবা :** দূরবর্তী শিক্ষার্থীদের যথাসময়ে কলেজে উপস্থিতি নিশ্চিত করতে ও নিরাপদে বাড়ি পৌঁছে দিতে বিভিন্ন রুটে চলাচলকারী ২০ টি কলেজ বাস রয়েছে। সম্পূর্ণ নিজস্ব এই পরিবহন ব্যবস্থার মাধ্যমে নারায়ণগঞ্জ ও ঢাকা জেলার রামপুরা, মালিবাগ, মতিঝিল, চাষাড়া, আদমজী, গাউছিয়া, পাঁচরুখী, হাসনাবাদ, পাঠানটুলী, রায়সাহেব বাজার, মুড়াপাড়া, মেঘনা টোল, ধোলাইখাল, জুরাইন, পোস্তগোলা, ধুপখোলা, রাণিমহল, সাইনবোর্ড ইত্যাদি রুটে প্রায় ১৭১ টি স্টপেজ থেকে রাইড ব্যবহারকারী ছাত্র ও ছাত্রীদের আলাদাভাবে যাতায়াত সেবা দেওয়া হয়।

**বিষয়ভিত্তিক বিজ্ঞানাগার ও আধুনিক গ্রন্থাগার :** সাহিত্য ও বিজ্ঞান চর্চায় এ প্রতিষ্ঠান অত্যন্ত যত্নশীল। তত্ত্বীয় পাঠের পাশাপাশি ব্যবহারিক ক্লাসের নিয়মিত অনুশীলনের জন্য বিষয়ভিত্তিক পৃথক উন্নতমানের বিজ্ঞানাগারের ব্যবস্থা রয়েছে। এছাড়াও সাহিত্য ও জ্ঞানচর্চার জন্য রয়েছে আধুনিক ও মনোরম পরিবেশ সমৃদ্ধ লাইব্রেরি।





**রোভার স্কাউট দল :** শিক্ষার্থীদেরকে পরহিতৈষী, সৎ, দেশপ্রেমিক ও আত্মনির্ভরশীল আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে রয়েছে সুসজ্জিত ও সুশৃঙ্খল রোভার স্কাউট দল। ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ রোভার স্কাউট দল 'জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩'-এ বৃহত্তর ডেমরা থানায় (ডেমরা, যাত্রাবাড়ি, সবুজবাগ, মুগদা) দ্বিতীয় বারের মতো শ্রেষ্ঠ রোভার স্কাউট দল নির্বাচিত হয়।



**সায়েন্স ক্লাব :** বিজ্ঞান ক্লাবের তত্ত্বাবধানে কলেজ শিক্ষার্থীরা আন্তঃকলেজ বিজ্ঞান মেলা, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিজ্ঞান প্রতিযোগিতা ও অলিম্পিয়াডে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও কৃতিত্বপূর্ণ সাফল্য অর্জন করছে।





**লিটারারি এন্ড কালচারাল ক্লাব :** শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভার বিকাশ এবং সংস্কৃতিমনা করে গড়ে তুলতে প্রতিষ্ঠা করা হয় DMRC লিটারারি এন্ড কালচারাল ক্লাব।





**ডিবেট ক্লাব :** "যুক্তির বন্ধনে আগামীর সন্ধানে" স্লোগান নিয়ে ২০১৯ সাল থেকে সক্রিয় আছে DMRC ডিবেটিং ক্লাব। বাংলাদেশ টেলিভিশন কর্তৃক আয়োজিত সনাতনী বিতর্ক প্রতিযোগিতায় এবং বিভিন্ন প্রতিযোগিতায় এই ক্লাবের বিতার্কিকদের সাফল্য রয়েছে।

**স্পোর্টস ক্লাব :** শিক্ষার্থীদের খেলাধুলা চর্চা ও পারদর্শিতা বৃদ্ধিতে এবং বিভিন্ন জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় সাফল্য অর্জনে ক্রিকেট, ফুটবল, ভলিবল, ব্যাডমিন্টন, দৌড় ও দাবা খেলার জন্য রয়েছে স্পোর্টস ক্লাব।





## প্রতিষ্ঠার ৩য় বছরেই ঢাকা বোর্ডে ৮ম স্থান অর্জন

## প্রতিষ্ঠাকাল থেকে HSC পরীক্ষার ফলধারা

| সাল | পরীক্ষার্থী | পাশের হার |
|---|---|---|
| ২০২২ | ২১৫৭ | ১০০% |
| ২০২১ | ২৪৮৩ | ৯৯.৮৪% |
| ২০২০ | ১৬৩৩ | ১০০% |
| ২০১৯ | ১৩২৩ | ১০০% |
| ২০১৮ | ১৪১১ | ৯৯.৭২% |
| ২০১৭ | ১১৯৪ | ৯৯.৫০% |
| ২০১৬ | ১১০৬ | ৯৯.৮২% |
| ২০১৫ | ৭৫০ | ১০০% |
| ২০১৪ | ৬৩৮ | ১০০% |
| ২০১৩ | ৪০০ | ১০০% |
| ২০১২ | ২১১ | ১০০% |

**২০২২ সালের এইচএসসি পরীক্ষায় ২১৫৭ জন পরীক্ষার্থী শতভাগ পাশসহ ১৮১৪ শিক্ষার্থী A+ পেয়ে বর্ণিল কৃতিত্ব অর্জন করে**

**উচ্চশিক্ষায় আমাদের শিক্ষার্থীদের অবস্থান:** ২০২৩ সালে সরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে ২৪ জনসহ বর্তমান সময় পর্যন্ত সর্বমোট ১১২ জন শিক্ষার্থী সরকারি মেডিকেলে চান্সপ্রাপ্তির পাশাপাশি বুয়েট, কুয়েট, রুয়েট, চুয়েটসহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোতে ৩৭২ জন এবং পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ১১৪৯ জনের অধিক শিক্ষার্থী দেশের বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষায় চান্সপ্রাপ্ত হয়ে কৃতিত্বের উজ্জ্বল স্বাক্ষর রেখেছে।



২০১৯ সালে "প্রতিভার দেশে" নামক এক সাড়ম্বর সংবর্ধনা অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি- প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কৃতি শিক্ষার্থীদেরকে সংবর্ধনা প্রদান করেন।

### ২০২৩ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET)-এ চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদের একাংশ



মোঃ আতিকুর ইসলাম শীম
রোল : ১১০২, বিজ্ঞান-ডি শাখা

মোঃ রাকিব মোস্তফা আবির
রোল : ১০০৬, বিজ্ঞান-এফ শাখা

তাহসিনুর রহমান
রোল : ১৫১২, বিজ্ঞান-এম শাখা

### ২০২৩ সালে সরকারি মেডিকেল কলেজসমূহে চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদের একাংশ

